



## জিরো নাম্বার ওয়ান

এক সময়ের হট গোবিন্দ এখন বেশ ঠান্ডা মারা গেছেন। তার একই ধরনের অভিনয় বা স্টাইল তো আছেই।

এর পেছনে সবচেয়ে বড়ো কারণ, এ মুহূর্তে গোবিন্দ না একজন চাহিদা সম্পন্ন অভিনেতা, না সফল প্রযোজক, না একজন ডিস্ট্রিবিউটর। এর ফলে ডিস্ট্রিবিউটররা গোবিন্দের ছবি ছুয়ে দেখতেও আগ্রহী নন। সম্প্রতি তার ৪টি ছবি ডিস্ট্রিবিউটররা ফিরিয়ে দিয়েছেন। এ খবর পেয়ে গোবিন্দের অতি পরিচিত এবং নিয়মিত পরিচালক-প্রযোজকরা তাকে আর ছবিতে ডাকছেন না। তার বদলে তারা ছুটছেন নতুনদের পেছনে। আর কে না জানে বলিউডে নতুন অভিনেতা অভিনেত্রী পাওয়া কোনো সমস্যাই না।



## ঐশ্বরীয়া-বিবেক জুটি

দেবদাস-এর সাফল্য অনেকটাই চলে গেছে ঐশ্বরীয়ার ঝুলিতে। সুনির্মাণ আর বিশাল আয়োজনের জন্য পরিচালক সঞ্জয় লীলা



বানসালী অবশ্য বেশিরভাগ ক্রেডিট পেয়েছেন। কিন্তু ছবির অন্য দুই প্রধান চরিত্র মাধুরী (চন্দ্রমুখী) এবং শাহরুখ (দেবদাস)-এর চেয়ে দর্শক পছন্দে তুলনামূলকভাবে এগিয়ে আছেন ঐশ্বরীয়া (পার্বতী)। বলিউডের চিত্রটি এরকমই। তবে আমাদের এখানে ঐশ্বরীয়ার চেয়ে চন্দ্রমুখী মাধুরীকেই বেশি পছন্দ করেছেন দর্শক। সে যাই হোক 'দেবদাস' অ্যাশের পৃথিবী বদলে দিয়েছে। তার চারপাশে এখন শুধু প্রশংসা আর ভালো ছবির অফার ঘুরে বেড়াচ্ছে। দেবদাসে তার পারফরম্যান্স আর গর্জিয়াস লুক ছিলো সত্যিই অসাধারণ। সে কারণে একের পর এক লোভনীয় স্ক্রিপ্ট হাতে আসছে তার। এর মধ্যে একটি ছবির অফার এসেছে প্রতিভাবান নতুন অভিনেতা 'কম্পানি' খ্যাত বিবেক ওবেরয়-এর সঙ্গে। কিন্তু অ্যাশ ছবিটি ফিরিয়ে দিয়েছেন। ট্যালেন্টেড এ অভিনেতার সঙ্গে কাজ করার প্রচণ্ড আগ্রহ থাকা সত্ত্বেও অ্যাশ অফারটি ফিরিয়ে দিতে বাধ্য হয়েছেন। আসলে ঐশ্বরীয়া এ অফারের আগেই ইয়াশ চোপড়ার নতুন ছবির জন্য ডেট দিয়ে ফেলেছেন। বিপরীতে আছেন অভিষেক বচ্চন। সুতরাং অ্যাশ-বিবেক জুটির জন্য দর্শকদের আরেকটু অপেক্ষা করতে হবে।

## গ্যামারগার্ল নন্দিতা

প্রথম থেকেই একটি নির্দিষ্ট ধারার অভিনেত্রী হিসেবে পরিচিতি গড়ে তুলেছেন নন্দিতা দাশ। বলিউডে তার পরিচিতি সিরিয়াস ছবির অভিনেত্রী হিসেবে। একে একে ৪/৫টি ছবিতে অভিনয় করেছেন ননগ্যামারাস চরিত্রে। এখন নন্দিতা একটু চেইঞ্জ চাচ্ছেন। এ অভিনেত্রী অবশেষে পর্দায় গ্যামার-ডল সাজতে রাজি হয়েছেন। কমেডি ধারার ছবিটির নাম 'বাস ইউ হি'। এমটিভি এবং বান্দা ওয়েস্টের যৌথ প্রযোজনায় নির্মিত হবে ছবিটি। নন্দিতা জানিয়েছেন যে কোনো চরিত্র ফুটিয়ে তুলতেই তিনি আত্মবিশ্বাসী। তার বিশ্বাস গ্যামারাস চরিত্রেও কমফোর্ট ফিল করবেন। প্রথম



গ্যামারাস চরিত্রের পাশাপাশি এটি হবে তার অভিনীত প্রথম কমেডি ছবি।

শেখ মন্জু